সংস্করণ-৫
তারিখঃ ১৩-১০-২০২১খ্রি.

"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন: ৮৮-০২-৮১৮১৩৩৭
ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১০১৫
ই-মেইল: Info@baera.gov.bd
ওয়েবসাইট: www.baera.gov.bd

আমদানি-রপ্তানি পারমিট গ্রহণের সাধারণ নিয়মাবলী

১। তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি আমদানি/রপ্তানির লক্ষ্যে পারমিটের জন্য আবেদন করার পূর্বে অবশ্যই আবেদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে বৈধ আমদানি-রপ্তানি (ঙ-শ্রেণির) লাইসেন্স গ্রহণ করতে হবে।

২। পারমিটের আবেদন করার জন্য প্রতিবার ২০/= (বিশ) টাকা এবং 'ঙ' শ্রেণির জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) ৩০/= (ত্রিশ) টাকার বিনিময়ে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর নীচ তলায় বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ (কক্ষ নং-১০৩) হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করতে হবে।

৩। (ক) পারমিট ফি বাবদ উল্লেখিত সি এন্ড এফ মূল্যের ২% হারে টাকা প্রদান করতে হবে।

(খ) 'ঙ' শ্রেণির লাইসেন্স (নতুন/নবায়ন) ফি বাবদ ১৫,০০০/= (পনের হাজার) টাকা প্রদান করতে হবে।

(গ) প্রদানকৃত ফি এর উপর ১৫% হারে ভ্যাট বাবদ অতিরিক্ত টাকা প্রদান করতে হবে।

(ঘ) ফি এবং ভ্যাট বাবদ প্রদত্ত সমস্ত টাকা একত্রে যে কোন ব্যাংক থেকে **"বাপশনিক রেগুলেটরি ফি"** অথবা **"BAERA Regulatory Fee"** শিরোনামে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে প্রদান করতে হবে।

৪। **পূরণকৃত 'ঙ' শ্রেণির ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র/তথ্যাদি অবশ্যই দাখিল করতে হবেঃ**

(ক) আমদানি/রপ্তানি লাইসেন্স প্রাপ্তির নিমিত্তে চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ডাক বক্স নং-২৪০, ঢাকা-১২০৭ বরাবর লিখিত একটি আবেদনপত্র;

(খ) ব্যবসা পরিচালনার জন্য সরকার কর্তৃক অনুমোদিত বৈধ ট্রেড লাইসেন্সের ফটোকপি প্রদান করতে হবে।

(গ) নবায়নের ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে সর্বশেষ প্রদত্ত লাইসেন্স ('ঙ' শ্রেণি) এবং RCO এর মূল সনদের ফটোকপি;

(ঘ) ছক অনুযায়ী বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার বার্ষিক প্রতিবেদন;

৪। **পূরণকৃত পারমিট ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র/তথ্যাদি অবশ্যই দাখিল করতে হবেঃ**

(ক) পারমিট প্রাপ্তির নিমিত্তে চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ডাক বক্স নং-২৪০, ঢাকা-১২০৭ বরাবর লিখিত একটি আবেদনপত্র;

(খ) রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত যথাযথভাবে স্বাক্ষরিত এবং সীলমোহরকৃত ইনভয়েস-এর কপি

(গ) আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি অবশ্যই একটি একক ইনভয়েস-এ উল্লেখ থাকতে হবে অন্যথায় আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতির সহিত আনুসাঙ্গিক কোন যন্ত্রপাতি এক সঙ্গে একটি ইনভয়েস-এ উল্লেখিত থাকলে উক্ত ইনভয়েস কে একক ইনভয়েস হিসাবে গণ্য করা হবে এবং উক্ত ইনভয়েস-এর সর্বমোট 'সি এন্ড এফ' মূল্যের উপর ২% হারে পারমিট ফি প্রদান করতে হবে।

(ঘ) মুদ্রার বিনিময় হার সংক্রান্ত ব্যাংক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঙ) আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি আমদানির নিমিত্তে ব্যাংক থেকে প্রদত্ত এল-সি এর কপি;

(চ) আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতির ক্যাটালগ;

(ছ) ISO/IEC এর মান অনুযায়ী এক্স-রে মেশিন তৈরী হয়েছে কিনা সে বিষয়ে রপ্তানিকারক দেশের Standard Institute/Competent Authority কর্তৃক প্রদানকৃত Type Approval Certificate/Inspection Report এর কপি;

(জ) পূর্বে পারমিটের মাধ্যমে আমদানিকৃত এক্স-রে/সিটি/মেমোগ্রাফী ইত্যাদি মেশিনসমুহ যে সকল প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করা হয়েছে তাদের পূর্ণ ঠিকানা;

(ঝ) ব্যবসা পরিচালনার জন্য সরকার কর্তৃক অনুমোদিত বৈধ ট্রেড লাইসেন্সের ফটোকপি প্রদান করতে হবে।

৫। Radioactive Material Transport এর ক্ষেত্রে Package Design সংক্রান্ত Certificate ।

৬। Radioactive Materials আমদানি-রপ্তানির ক্ষেত্রে Source Specification সহ Decay Chart প্রদান করতে হবে।

৭। সিলকৃত তেজস্ক্রিয় পদার্থ সমূহ (SRS) এর আমদানি এর ক্ষেত্রে তাদের ব্যবহার উপযোগিতা শেষে উৎপাদক/প্রস্তুতকারক দেশের নিকট ফেরত পাঠানোর চুক্তি এর কপি প্রেরণ করতে হবে।

৮। Proforma Invoice এবং LC তে উল্লেখিত যন্ত্রপাতির বিবরণগত টাকার পরিমাণ অবশ্যই একই হতে হবে। এক্ষেত্রে কোন অসামঞ্জস্য পরিলক্ষিত হলে আমদানি পারমিট প্রদান করা হবেনা।

৯। আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি বন্দর থেকে খালাস করার কমপক্ষে একমাস পূর্বে পারমিটের জন্য যথাযথ তথ্যাদিসহ আবেদন করতে হবে। স্মরণ করা যেতে পারে যে, অসম্পূর্ণ তথ্য, প্রয়োজনীয় কাগজপত্রের অভাব, অসম্পূর্ণ আবেদনপত্র ইত্যাদির ক্ষেত্রে পারমিট প্রদানের প্রক্রিয়া দীর্ঘায়িত হতে পারে।

১০। আমদানিতব্য তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতি নিজস্ব প্রতিষ্ঠানে ব্যবহার করা হলে একই সঙ্গে অবশ্যই ব্যবহারিক লাইসেন্সর (ক-শ্রেণি/গ-শ্রেণির) জন্য আবেদন করতে হবে (নিয়মাবলী সংযুক্ত)।

১১। বিকিরণ ঝুঁকি লাঘব এবং প্রতিবিম্ব/প্রতিচ্ছবির মান বিবেচনায় আমদানির ক্ষেত্রে বিকিরণ উৎপাদনক্ষম যন্ত্র (এক্স-রে মেশিন) এর টিউব ক্ষমতা নূন্যপক্ষে নিম্নবর্ণিতহারে নির্ধারণ করে আমদানি কার্যক্রম সম্পন্ন করতে হবে;

ক) স্থির এক্স-রে যন্ত্রের জন্য ১৫০ mA;
খ) সচল (mobile) এক্স-রে যন্ত্রের জন্য ১০০ mA এবং
গ) দন্ত চিকিৎসায় ব্যবহৃত এক্স-রে যন্ত্রের জন্য ১০ mA

উপরোক্ত বিষয়ে আরো অতিরিক্ত তথ্য/ব্যাখ্যার প্রয়োজন হলে উল্লেখিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে এবং যথাযথ অগ্রায়ণপত্র ছাড়া কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর
ডাক বক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ (কক্ষ নং-১০৩ ও ৩০১)
ফোন নং ০২-৮১৮১০৬৭, ০২-৮১৮১৩৩৭